

তাকওয়া

মনির হোসেন হেলাল

ব্যাংকে তোমার লক্ষ টাকা
লাভ হবে কি তাতে!
মরন এলে যেতে হবে
শুধুই খালি হাতে !

এক টুকরো সাদা কাপড়
হবে তোমার জামা,
সংগে যাবে আর কিছু নয়
শুধুই আমলনামা।

কবর নামের ছোট ঘরে
থাকবে নাকো আলো,
পোকা মাকড় থাকবে সেথা
থাকবে নিকষ কালো।

সেকেন্ড মিনিট ঘন্টা করে
যাচ্ছে সময় চলে,
থাকতে সময় মুতাকী হও
পস্থাবে না হলে।

“হে রহমান কবুল করো
আমাদের এই দোয়া,
সবার তরে নসীব করো
তোমারই তাকওয়া”।